১৩

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... AUG 29 1999 ...
পৃষ্ঠা 2 কলাম 4 ......

# হাজী দানেশ কৃষি কলেজের নাম পরিবর্তনের সিদ্ধান্ত শিক্ষা মন্ত্রণালয় নেয়নি

**স্টাফ রিপোর্টার, খুলনা ॥** তেভাগা আন্দোলনের বিপ্লবী নেতা হাজী মোহাম্মদ দানেশের নামে স্থাপিত হাজী দানেশ কৃষি কলেজের নাম পরিবর্তনের কোন সিদ্ধান্ত শিক্ষা মন্ত্রণালয় গ্রহণ করেনি। অথচ হাজী দানেশের নাম পরিবর্তন করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে কৃষি কলেজটির নামকরণ করা হচ্ছে বলে ব্যাপক গুজব উঠেছে। এই গুজবের ওপর ভিত্তি করে চলছে বক্তৃতা, বিবৃতি ও প্রতিবাদ। জানা যায়, উত্তরবঙ্গের কৃতী সন্তান হাজী দানেশের অসামান্য প্রচেষ্টার ফসল হিসাবে দিনাজপুরে এই শিক্ষা প্রতিষ্ঠানটি গড়ে ওঠে। বিএনপি শাসনামলে দিনাজপুর কৃষি সম্প্রসারণ ইনস্টিটিউট হিসাবে এটির যাত্রা শুরু হয়। এরশাদ সরকারের আমলে ইনস্টিটিউটটি কৃষি কলেজে উন্নীত হয়। তখন দলমত নির্বিশেষে প্রতিষ্ঠানটির নাম 'হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ' রাখা হয়।

সূত্র জানায়, বর্তমান সরকারের সিদ্ধান্ত অনুযায়ী পুরনো যেসব জেলায় বিশ্ববিদ্যালয় নেই সেখানে ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে। এই সিদ্ধান্ত অনুযায়ী হাজী দানেশ কৃষি কলেজকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বা কৃষি বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার নীতিগত সিদ্ধান্ত হয়েছে। তবে হাজী দানেশের নাম পরিবর্তনের কোন আলোচনা পর্যন্ত হয়নি। সূত্র জানায়, ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মধ্যে একমাত্র গোপালগঞ্জে স্থাপিত বিশ্ববিদ্যালয়টি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে হবে। এছাড়া টাঙ্গাইলে স্থাপন করা বিশ্ববিদ্যালয়টির নাম হবে মওলানা ভাসানীর নামে। অন্য কোন নাম এখনও চূড়ান্ত হয়নি বলে জানা যায়, এদিকে ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ছয়টি স্থাপনের জন্য স্থান নির্ধারণ করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধতন একটি সূত্র জানায়, দিনাজপুরের হাজী দানেশ কলেজের নাম পরিবর্তনে সরকারের কোন আগ্রহ নেই। কে বা কারা হীনরাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য এমন একটি গুজব ছড়িয়েছে, তার সত্যতা যাচাই না করে বিভিন্ন সংগঠন বক্তৃতা-বিবৃতি দিচ্ছে।